

২০১৫

বাংলা

(স্নাতকোত্তর)

PAPER—BNG-103

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রদত্ত নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

- ১। চর্যাপদের ভাষা সম্পর্কে পণ্ডিতদের মতভেদ সম্পর্কে আলোচনা করো।  
চর্যাপদের ভাষা বাংলা — এই মত প্রতিষ্ঠার পিছনে যুক্তিগুলি কী কী?  
উদাহরণসহ আলোচনা করো। ৫+৫

অথবা

‘কাহারে ঘিনি...’ পদটির রচয়িতা কে? পদটির অন্তর্নিহিত তত্ত্বগত অর্থ ও  
কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ১০

- ২। ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যে ‘রাধাবিরহ’ অংশটি প্রক্ষিপ্ত কিনা যুক্তিসহ আলোচনা  
করো। ১০

অথবা

(Turn Over)

‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যে রাধা চরিত্রের বিবর্তনের আলোচ্য অঙ্কনে বড় চণ্ডীদাসের কৃতিত্ব পরিমাপ করো। ১০

- ৩। বৈষ্ণব পদাবলীতে ‘পিয়া যব আওব...’ পদটি কোন্ পর্যায়ের অন্তর্গত? পদকর্তার সৃষ্টিতে এখানে ‘প্রেম’ ও ‘পূজা’ কীভাবে একাকার হয়ে গিয়েছে, তা বিশ্লেষণ করো। ১০

অথবা

‘অভিসার’-এর সংজ্ঞা দাও। ‘কুলবতী কঠিন কবাট’ পদটি বিশ্লেষণ করে পদকর্তার কৃতিত্বের পরিচয় দাও।

- ৪। “চৈতন্যচরিতামৃত” কাব্যের মধ্যলীলা, অষ্টম পরিচ্ছেদ অবলম্বনে ‘সাধ্য-সাধন তত্ত্ব’ সম্পর্কে আলোচনা করো। ১০

অথবা

যে-কোন দুটি বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা করো : ২×৫

(ক) রাধাতত্ত্ব ;

(খ) কৃষ্ণতত্ত্ব ;

(গ) সখী সাধনা ;

(ঘ) কাম ও প্রেম।